# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**বিষয়** : চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের জন্য গঠিত **'ইনোভেশন টিম'** কর্তৃক গৃহীত বাৎসরিক কর্মপরিচালনা সমূহের অগ্রগতি পর্যালোচনা, নতুন কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়িত কর্মপরিকল্পনা সমূহের অগ্রগতির প্রতিবেদন চাহিদা মত নৌ-পম, এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ-

**সূত্র** : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০৯.১৬.৩১৮, তাং;- ২৮/১২/২০১৬ ইং

**সভার তারিখ** : **১৪/০৩/২০২৩ইং** রোজ বুধবার, সময়- সকাল **১০.০০ ঘটিকা।**

**সভার স্থান** : পরিচালক (প্রশাসন), চবক মহোদয়ের কক্ষ।

**ভূমিকা** : মন্ত্রিপরিষদ বিভাগ হতে নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের মাধ্যমে উদ্ভাবনী কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে মন্ত্রনালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা সমূহে ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি নতুন কর্মপরিকল্পনা গ্রহণ ও প্রতি মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সহ নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের মাধ্যমে চাহিদা অনুসারে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করণের নিমিত্তে ১৪/০৩/২০২৩ইং তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় চবক এর ইনোভেশন টিমের নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেনঃ-

| | | |
|---|---|---|
| ১। জনাব মোঃ মমিনুর রশিদ | - পরিচালক (প্রশাসন) | - ইনোভেশন অফিসার। |
| ২। জনাব মোহাম্মদ মাহাবুব মোর্শেদ চৌধুরী | - পরিকল্পনা প্রধান | - সদস্য। |
| ৩। জনাব মোঃ একরাম চৌধুরী | - সিস্টেমস এনালিষ্ট | - সদস্য। |
| ৪। জনাব মোহাম্মদ আজিজুল মওলা | - সিনিয়র পারসোনেল অফিসার | - সদস্য। |
| ৫। জনাব মোঃ সোহরাব হোসেন | - সিনিয়র স্টোরস্ অফিসার | - সদস্য। |
| ৬। জনাব জাহিদুল ইমাম | - হিসাব রক্ষণ কর্মকর্তা | - সদস্য। |
| ৭। জনাব মোঃ হেলাল | - হিসাব রক্ষণ কর্মকর্তা | - সদস্য। |
| ৮। জনাব সৈয়দ রেফায়েত হামিম | - সহকারী প্রকৌশলী (মেরিন) | - সদস্য। |
| ৯। জনাব মুহাম্মদ শিহাব উদ্দিন | - সহকারী ব্যবস্থাপক (ভূমি) | - সদস্য। |
| ১০। জনাব আরেফিন আদনান | - টার্মিনাল অফিসার | - সদস্য। |
| ১১। জনাব মোহাম্মদ ওয়াকার খান | - সিনিয়র কম্পিউটার অপারেটর | - সদস্য-সচিব। |

**আলোচনা:** বিষয়োক্ত ব্যাপারে **১৪/০৩/২০২৩ইং** তারিখে পরিচালক (প্রশাসন) মহোদয়ের কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর নির্দেশনা এবং নৌ-পম এর সিদ্ধান্ত মোতাবেক বিভাগীয় প্রধানগণ হতে প্রাপ্ত ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর নিম্নোক্ত ইনোভেশন কার্যক্রম সমূহ যথাসময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃ | ইনোভেশন কাজ | কাজের বিবরণ (উপকারিতা ও উপকারভোগী) | বাস্তবায়নের সময় কাল | বাস্তবায়নে | বাস্তবায়নের বর্তমান অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | Online Shipping Agent License Enlistment and Renewal System. | উক্ত সিস্টেমের মাধ্যমে শিপিং এজেন্টগণ অনলাইনের মাধ্যমেই চট্টগ্রাম বন্দরে তালিকাভুক্তি ও নবায়ন এর আবেদন করতে পারবেন। ফলে উক্ত তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রমটি অধিক সহজতর হবে। | ২০২২-২৩ | কম্পিউটার সেন্টার | Software **তৈরির কাজ সম্পন্ন হয়েছে। অতি সহসা চালু করা হবে।** | |
| ০২ | Easy Health Service (EHS) | Easy Health Service(EHS) সিস্টেমটি চালু করা হলে চবক হাসপাতালের চিকিৎসা সেবা গ্রহণে জটিলতা থেকে রোগীরা মুক্তি পাবে এবং সেবা পদ্ধতি সহজতর হবে। এর মাধ্যমে নিজেই বুথ থেকে এন্ট্রি নম্বর নিতে পারবে এবং নিয়মিত রোগীরা (ডায়াবেটিস/প্রেসার/অন্যান্য) বুথ থেকে এন্ট্রি নম্বর নেওয়ার পর সরাসরি ওষুধ সংগ্রহ করতে পারবে। এতে করে নিয়মিত রোগীদের | ২০২২-২৩ | চিকিৎসা বিভাগ | উক্ত বিষয়টি পরিকল্পনা প্রধান মূল্যায়ন ও প্রয়োজনীয় সহযোগিতার বিষয়ে সুপারিশ করবেন। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | সাথে সাথে অন্য রোগীদেরও সময় সাশ্রয় হবে। উক্ত সিস্টেমটি চালু করা হলে বর্তমানে রোগীদের চিকিৎসা সেবা গ্রহণের যে সকল ধাপ সমূহ সমস্যা সৃষ্টি করে থাকে সে সকল ধাপ সমূহ কমে যাবে এবং রোগীদের সেবা প্রদান পদ্ধতি সহজতর হবে, এতে করে রোগীদের কমপক্ষে প্রায় ৩০% অপেক্ষমান সময় সাশ্রয় হবে। জন্ম সনদ, মৃত্যু সনদ, সিক মেমো, রোগীর প্যাথলজি রিপোর্ট সহ অন্যান্য রোগ সংক্রান্ত যাবতীয় তথ্য রোগীরা নিজেই অনলাইন থেকে সংগ্রহ করতে পারবে। Hospital Apps, Tele Medicine Video, Mobile Alert ইত্যাদি সেবা সমূহ উক্ত সিস্টেমের অন্তর্ভুক্ত হবে। | | | | |
| ০৩ | Personal Management Information System (PMIS) | এছাড়াও মন্ত্রণালয়/বন্দর এর চাহিদা মোতাবেক অনুমোদিত, বিদ্যমান ও শূন্য পদের বিবরণ, কর্মরত জনবলের লিঙ্গাভিত্তিক বিভাজন, কর্মরত মুক্তিযোদ্ধা কর্মচারীদের বিবরণ, মাসিক প্রতিবেদন ছক ইত্যাদি সহজে ও সঠিকভাবে পাওয়া যাবে। এতে সরকারের ডিজিটালাইজেশন এর মাধ্যমে নাগরিক সেবা প্রদান সহজ হবে। | ২০২২-২৩ | প্রশাসন বিভাগ | প্রক্রিয়াধীন | |
| ০৪ | Hydrographic Automation & Online Data Display System. | চবক এর টাইডাল ডাটা সমূহ অটোমেটিক রেকর্ডিং এর মাধ্যমে ডাটা লগারের মেমোরীতে জমা হয়, যা সংশ্লিষ্ট অটো গেজ ষ্টেশনে গিয়ে ল্যাপটপের মাধ্যমে ডাটা ডাউনলোড করা হতো। কর্ণোফূলী নদীর বিভিন্ন পয়েন্টে অটো টাইড গেজ স্থাপন করা হয়েছে যা বন্দর ভবন হতে প্রায় ১৫-১৮ কিলোমিটার দূড়ে অবস্থিত। উক্ত টাইড গেজ স্টেশন সমূহ হতে পূর্বের পদ্ধতিতে ডাটা ডাউনলোড করতে ৪৮ থেকে ৭২ ঘন্টা সময়ের প্রয়োজন হতো। তাছাড়া প্রতিবার ডাটা ডাউনলোড করতে ১৫০০ হএত ২৫০০ টাকা খরচ হত। ডাটা ডাউনলোড করতে নূন্যতম ০২ জন গেজ রিডারকে ল্যাপটপ সহ প্রেরণ করা হতো। বর্তমান পদ্ধতিতে ডাটা ডাউনলোডের জন্য আর সংশ্লিষ্ট গেজ ষ্টেশনে যাওয়ার প্রয়োজন হয় না। বন্দর ভবন অথবা ইন্টারনেট সংযোগ বিদ্যমান যেকোনো জায়গা হতে অনলাইনে লগ ইন করে সংশ্লিষ্ট গেজ ষ্টেশন সমূহের ডাটা দ্রুততম সময়ে ডাউনলোড করা সম্ভব হচ্ছে। | ২০২২-২৩ | হাইড্রোগ্রাফী বিভাগ | সমাপ্ত | |
| ০৫ | চবক এর নৌ-প্রকৌশল বিভাগের পিআরএল গমণকারী কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য পিআরএল পরবর্তী করণীয় সম্পর্কিত চেকলিস্ট তৈরি। | উক্ত সিস্টেমটি চালু হলে চবক এর নৌ-প্রকৌশল বিভাগের পিআরএল গমণকারী কর্মকর্তা-কর্মচারীগণ তাদের পিআরএল পরবর্তী কি কি কার্যক্রম গ্রহণ করতে হবে তা উক্ত চেকলিস্ট হতে সহজে জানতে পারবেন এবং সে অনুযায়ী দ্রুত কার্য সম্পাদন করতে পারবেন। | ২০২২-২৩ | নৌ-প্রকৌশল বিভাগ | চবক এর সকল বিভাগে উক্ত বিষয়টি বাস্তবায়নের জন্য পরিকল্পনা প্রধান, চবক এর নেতৃত্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

উপরোক্ত তালিকার ০১ নং ক্রমিকে উল্লেখিত “Online Shipping Agent License Enlistment and Renewal System.” কাজটির জন্য কোনো প্রাইভেট প্রতিষ্ঠানের মাধ্যমে প্রয়োজনীয় সফটওয়্যার তৈরি করা হলে প্রায় ৫-৬ লক্ষ টাকা খরচ হত। যেহেতু উক্ত সফটওয়্যারটি চবক এর কম্পিউটার সেন্টারের সহকারী প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), জনাব মোঃ আনিসুর রহমান তৈরি করেছেন, সেহেতু সফটওয়্যারটি ব্যবহারের জন্য সংশ্লিষ্ট বিভাগে হস্তান্তর করা যেতে পারে এবং উৎসাহ প্রদানের জন্য জনাব মোঃ আনিসুর রহমান, সহকারী প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ) কে **ইনোভেশন ফান্ড** হতে বিশেষ প্রণোদনা প্রদান করা

যেতে পারে। এ ধরণের প্রণোদনা প্রদান করা হলে বন্দরের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ ইনোভেশন কাজে আরও বেশি অনুপ্রাণিত হবেন।

**গৃহীত সিদ্ধান্তঃ**

০১। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ও নৌ-পম কর্তৃক প্রেরিত সময় কাঠামো অনুযায়ী বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর উপরোক্ত ধারণা সমূহ যথাসময়ে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয় এবং যা পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগ, এটুআই প্রোগ্রাম, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও নৌ-পম এর মাসিক সমন্বয় সভা সহ সময়ে সময়ে প্রেরিত চাহিদা মোতাবেক সরবরাহ করা হবে।

০২। দ্রুততম সময়ের মধ্যে চবক ইনোভেশন টিমের সদস্যগণকে ২টি দলে বিভক্ত করে মোংলা সমুদ্র বন্দর ও সংশ্লিষ্ট জেলার অন্যান্য দপ্তর এবং বাংলাবান্ধা স্থল বন্দর ও সংশ্লিষ্ট জেলার অন্যান্য দপ্তর সমূহ পরিদর্শন করা হবে।

০৩। উপরোক্ত তালিকার ০১ নং ক্রমিকে উল্লেখিত সফটওয়্যারটি তৈরির জন্য চবক এর কম্পিউটার সেন্টারের সহকারী প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), জনাব মোঃ আনিসুর রহমান কে উৎসাহ প্রদানের লক্ষ্যে **ইনোভেশন ফান্ড** হতে ০২ (দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ **বিশেষ প্রণোদনা** হিসেবে চেয়ারম্যান, চবক মহোদয়ের অনুমোদন ক্রমে দেয়া যেতে পারে।

০৪। চবক এর ইনোভেশন কমিটিতে জনাব মোহাম্মদ ইরফান খাঁন, পারসোনেল অফিসার (নিয়োগ), প্রশাসন বিভাগ এবং জনাব মোঃ আনিসুর রহমান, সহকারী প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), কম্পিউটার সেন্টার কে কো-অপ্ট করা যেতে পারে।

০৫। আগামী ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক ইনোভেশন কার্যক্রমের কর্মসূচী প্রণয়নের নিমিত্তে চবক এর সকল বিভাগের নিকট ইনোভেশন কাজের চাহিদা পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচ্য সূচী না থাকায় চবক ইনোভেশন টিমের উপস্থিত সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হয়।

**(মোঃ মমিনুর রশিদ)**
উপ-সচিব
পরিচালক(প্রশাসন) ও
ইনোভেশন অফিসার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং- ১৮.০৪.০০০০.৬৮০.১৬.৬৮.২১

তারিখঃ ১৪/০৩/২০২৩ ইং

**অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল সদস্য/চবক।
২। সকল বিভাগীয় প্রধান/চবক।
৩। জনাব মোহাম্মদ মাহাবুব মোর্শেদ চৌধুরী, পরিকল্পনা প্রধান, সদস্য - ইনোভেশন টিম।
৪। জনাব মোঃ একরাম চৌধুরী, সিস্টেমস এনালিষ্ট , সদস্য - ইনোভেশন টিম।
৫। জনাব মোঃ আজিজুল মওলা, সিনিয়র পারসোনেল অফিসার, সদস্য - ইনোভেশন টিম।
৬। জনাব মোঃ সোহরাব হোসেন, সিনিয়র স্টোরস্ অফিসার, সদস্য - ইনোভেশন টিম।
৭। জনাব জাহিদুল ইমাম, হিসাব রক্ষণ কর্মকর্তা, সদস্য - ইনোভেশন টিম।
৮। জনাব মোঃ হেলাল, হিসাব রক্ষণ কর্মকর্তা, সদস্য - ইনোভেশন টিম।
৯। জনাব সৈয়দ রেফায়েত হামিম, সহকারী কারখানা অধিক্ষক-০১, সদস্য - ইনোভেশন টিম।
১০। জনাব মুহাম্মদ শিহাব উদ্দিন, সহকারী ব্যবস্থাপক (ভূমি)- সদস্য-ইনোভেশন টিম।
১১। জনাব আরেফিন আদনান, টার্মিনাল অফিসার, সদস্য-ইনোভেশন টিম।
১২। জনাব মোহাম্মদ ওয়াকার খান, সিনিয়র কম্পিউটার অপারেটর, সদস্য-সচিব- ইনোভেশন টিম।
১৩। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সহকারী।

**(মোঃ একরাম চৌধুরী)**
সিস্টেমস এনালিষ্ট ও
সদস্য, চবক ইনোভেশন টিম
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ